


বিষয়ঃ “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে নারী কর্মকর্তাদের শাড়ী ক্রয় বাবদ অগ্রিম ৫,২০,০০০/- (পাঁচ লক্ষ বিশ হাজার) টাকা অনুমোদন করণ প্রসঙ্গে।


১৬। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে আগামী ০৮ মার্চ, ২০২৪ তারিখে ঢাকা ওয়াসার পক্ষ হতে একটি অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা ওয়াসার নিয়মিত নারী কর্মকর্তা এবং আমন্ত্রিত নারী অতিথিদের শাড়ী প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা ওয়াসায় কর্মরত কম/বেশি ১০০ (একশত) জন নিয়মিত নারী কর্মকর্তা এবং আমন্ত্রিত নারী অতিথিদের শাড়ী ক্রয়ের লক্ষ্যে সচিব, ঢাকা ওয়াসা এর নির্দেশনা অনুযায়ী প্রশাসন বিভাগ-১ এর উপসচিব, সিএম বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাসহ নারী কর্মকর্তাগণ বিভিন্ন মার্কেটে গিয়ে শাড়ীর গুনগতমান, রং ও মূল্য যাচাই করেন। ঢাকা ওয়াসা এর সচিবসহ নারী কর্মকর্তাগণ শাড়ীর গুনগতমান, রং ও মূল্য যাচাই করে ৫,২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা মূল্যের জামদানি শাড়ী “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে কম/বেশি ১০০ (একশত) জন নিয়মিত নারী কর্মকর্তা এবং আমন্ত্রিত নারী অতিথিদের প্রদানের জন্য সুপারিশ করেছেন। “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে কম/বেশি ১০০ (একশত) জন নিয়মিত নারী কর্মকর্তা এবং আমন্ত্রিত নারী অতিথিদের জন্য জামদানি শাড়ী ক্রয় বাবদ মোট $(১০০ \times ৫,২০০) = ৫,২০,০০০/-$ (পাঁচ লক্ষ বিশ হাজার) টাকা ব্যয় হবে।

১৭। এমতাবস্থায়, “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে কম/বেশি ১০০ (একশত) জন নিয়মিত নারী কর্মকর্তা এবং আমন্ত্রিত নারী অতিথিদের জামদানি শাড়ী ক্রয় বাবদ মোট $(১০০ \times ৫,২০০) = ৫,২০,০০০/-$ (পাঁচ লক্ষ বিশ হাজার) টাকা অগ্রিম উপ-সচিব শ্রম ও কল্যাণ বিভাগের অনুকূলে সদয় অনুমোদন করা যেতে পারে। শাড়ী ক্রয় বাবদ ব্যয়কৃত টাকা পরবর্তীতে ডাউটারের মাধ্যমে সমন্বয় করা হবে।

১৮। উল্লেখ্য, শাড়ী ক্রয় বাবদ ব্যয়কৃত টাকার বিপরীতে কোনো ভ্যাট-ট্যাক্স আরোপ করা হলে তা হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা এর মাধ্যমে পরিশোধ করা যেতে পারে। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


০৫/২/২৪


এস এম রিহাদ হোসেন
উপসচিব
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।


০৬/০২/২০২৪


মতিহারমিন হক আমীর
সচিব
ঢাকা ওয়াসা।

DMD (HR & Admin)

MD Sir


০৬.০২.২৪

মোঃ আকরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা।



০৬/০২/২৪
প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।